



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/27/2021

গভর্নর ক্যাথি হোকল

### পৃথক থাকা সংক্রান্ত CDC-এর নির্দেশনা সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"এই শীতকালীন সংক্রমণ বৃদ্ধির সঙ্গে লড়াইয়ের সময়ে আমরা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে ডাটা ও বিজ্ঞান-ভিত্তিক জনস্বাস্থ্য নীতিমালা অনুসরণ করা অব্যাহত রাখবো।

"একারণেই শুক্রবারে আমি আমাদের জরুরি কর্মীদের জন্য পৃথক থাকার সময়কাল 10 দিন থেকে 5 দিনে কমিয়ে আনার [নির্দেশনা](#) ঘোষণা করেছি, এবং উপসর্গ দেখা দেয়নি এমন সবার জন্য, তারা ভালোভাবে মাস্ক পরিধান করছেন এমন শর্তসাপেক্ষে, সুপারিশকৃত পৃথক থাকার সময়কাল 10 দিন থেকে 5 দিনে কমিয়ে আনার লক্ষ্যে এখন এর নির্দেশনা আপডেট করার জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রকে (Centers for Disease Control and Prevention) ধন্যবাদ জানাই।

"এই নতুন ভ্যারিয়েন্ট মোকাবেলা করার এই সময়ে আমাদের ক্ষুদ্র ব্যবসা, গুরুত্বপূর্ণ শিল্প, এবং অপরিহার্য পরিষেবাগুলোতে সহায়তা করার জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418